

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)


স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.০৮.০০১.১৯- ২০৪

তারিখঃ ০৬ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ  
২৪ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ

বিষয়ঃ পিআরএল শুরুর ০৩ (তিন) মাস পূর্বে কাগজপত্র স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ এবং পিআরএল ও ছুটি নগদায়নের পত্র  
জারি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে পিআরএল শুরুর ০২ (দুই) মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র জারির নির্দেশনা রয়েছে। কিন্তু স্বাস্থ্য অধিদপ্তর হতে কর্মকর্তাদের পিআরএল ও লাম্পগ্র্যান্ট মঞ্জুরের আবেদন সঠিক সময়ে পাওয়া যায় না; অনেক ক্ষেত্রেই নির্ধারিত তারিখ অতিক্রান্ত হওয়ার পর আবেদনপত্র পাওয়া যায়। এ কারণে নন-মেডিকেল কর্মকর্তাদের পিআরএল আদেশ জারি করতে প্রায়ই বিলম্ব হয়।

২। এমতাবস্থায়, স্বাস্থ্য অধিদপ্তরাধীন নন-মেডিকেল ৯ম হতে তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের অবসরোত্তর ছুটি ও লাম্পগ্র্যান্ট মঞ্জুরের আবেদনপত্র তাদের পিআরএল শুরুর কমপক্ষে ০৩(তিন) মাস পূর্বে স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। একইসঙ্গে স্বাস্থ্য অধিদপ্তরাধীন ১০ হতে ২০তম গ্রেডের সকল কর্মকর্তা/কর্মচারীর অবসরোত্তর ছুটি ও লাম্পগ্র্যান্ট মঞ্জুরের আদেশ পিআরএল শুরুর ০২ (দুই) মাস পূর্বে জারি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হল।

  
(শাহিনা খাতুন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

[sasadmin1@mohfw.gov.bd](mailto:sasadmin1@mohfw.gov.bd)

মহাপরিচালক  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা

অনুলিপি :

- ১। যুগ্মসচিব (বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়